

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট

১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

ফোনঃ ৮৩৯১০৭৫, ৮৩৯১০৮৫, ফ্যাক্সঃ ৮৩৯১১১৩ ই-মেইলঃ hcu@hcu.org.bd, ওয়েবঃ www.hcu.org.bd

বিষয়ঃ : হাইড্রোকার্বন ইউনিট এর সেপ্টেম্বর/২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবরণী।

সভাপতি : এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক (যুগ্ম সচিব)

তারিখ : ২৩-০৯-২০১৯

সময় : বিকাল ৩: ০০ ঘটিকা

স্থান : মিনি কনফারেন্স রুম, হাইড্রোকার্বন ইউনিট

উপস্থিত সদস্য : ক) জনাব মেহেদী হাসান উপ- পরিচালক (পরিকল্পনা ও পিএসসি)
খ) জনাব শিহাব মাহমুদ, সহকারি পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন)
গ) জনাব দেবব্রত দাস, সহকারি পরিচালক (প্রশাসন ও হিসাব)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মেহেদী হাসান উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২। গত ২২-০৮-২০১৯ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র নং	আলোচনা	সিদ্ধান্ত
০১	শুদ্ধাচার কর্মপরিকল্পনা: শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে পর্যালোচনা করা হয়। হাইড্রোকার্বন ইউনিটের সহকারি পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), জনাব শিহাব মাহমুদকে জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা ও প্রদান) বিধিমালা, ২০১৭ এর বিধি -৪ অনুসারে “ ডেজিগনেটেড অফিসার “ হিসেবে এবং হাইড্রোকার্বন ইউনিটের উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), জনাব মেহেদী হাসানকে বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার এর ফোকাল পয়েন্ট ও সহকারি পরিচালক (প্রশাসন ও হিসাব), জনাব দেবব্রত দাসকে বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে নিয়োগ প্রদানের ব্যাপারে আলোচনা হয় ।	শুদ্ধাচার কর্মপরিকল্পনা সঠিক সময়ে বাস্তবায়নের লক্ষ্যে জনাব শিহাব মাহমুদকে জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা ও প্রদান) বিধিমালা, ২০১৭ এর বিধি -৪ অনুসারে “ ডেজিগনেটেড অফিসার নিয়োগ করা হয় । জনাব মেহেদী হাসানকে বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার এর ফোকাল পয়েন্ট ও) জনাব দেবব্রত দাসকে বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে নিয়োগ প্রদান করা হয় ।
০২	অভিযোগ প্রতিকার ব্যবস্থা বর্তমান তথ্য প্রযুক্তির যুগে মানুষের মনে ঘরে বসে সেবা পাওয়ার আকাঙ্ক্ষা বিরাজ করে। মানুষের আকাঙ্ক্ষা পূরণ করা সরকারের একটি অগ্রাধিকার কাজ। সকল সরকারি প্রতিষ্ঠানের মতো হাইড্রোকার্বন ইউনিটেও ডিজিটাল পদ্ধতিতে সেবা প্রদান করা হয় । জনসাধারণের নিমিত্তে	সভায় গ্রিভেন্স রিডেস সিস্টেম এ প্রাপ্ত বিভিন্ন অভিযোগ ও তা সমাধানের লক্ষ্যে পর্যালোচনা করা হয়।

	অভিযোগ প্রতিকার ব্যবস্থা(গ্রিভেন্স রিড্বেস সিস্টেম) চালু করা হয়েছে।	
০৩	বিদ্যুৎ সাশ্রয় অফিসের এসি, বৈদ্যুতিক ফ্যান, লাইট, বিদ্যুৎ, পানি ও জ্বালানি ইত্যাদির ব্যবহারে মিতব্যয়ী হওয়ার ব্যাপারে আলোচনা হয়। এছাড়াও অফিসের সম্পদ যেমনঃ গাড়ী, কম্পিউটার, ফ্যাক্স মেশিন, সার্ভার, ল্যাপটপ ইত্যাদি যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।
০৪	আদালতে বিচারাধীন মামলা : জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আগস্ট/২০১৯ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী হাইড্রোকার্বন ইউনিটে কোন মামলায় কোন আইনজীবী নিয়োগ করা হয়েছে,কতদিন ধরে পেন্ডিং আছে,পরবর্তী শুনানি কখন হতে পারে,সংশ্লিষ্ট কর্মকর্তা সঠিকভাবে দায়িত্ব পালন করছেন কিনা এসব বিষয় অবহিত করার জন্য সিদ্ধান্ত হয়।	আদালতে বিচারাধীন মামলা নিষ্পত্তি করার ব্যাপারে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।
০৫	সচিবালয় নির্দেশমালা : জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আগস্ট/২০১৯ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট সকল প্রেরিত পত্র সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নিষ্পত্তি করার ব্যাপারে আলোচনা হয়।	সকল পত্র সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নিষ্পত্তি করার ব্যাপারে সিদ্ধান্ত হয়।
০৬	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি : জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আগস্ট/২০১৯ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী সভায় ২০১৯-২০ অর্থ বছরের এপিএ সফল বাস্তবায়ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে তৎপরতার সাথে কার্য সম্পাদন করার ব্যাপারে আলোচনা হয়	এপিএ সংক্রান্ত কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করে নাথার কিভাবে বাড়ানো যায় সে ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।
০৭	অডিট আপত্তি : জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আগস্ট/২০১৯ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী অডিট আপত্তি দূত নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট অডিট অফিসের সাথে যোগাযোগ করে জনবল ও লজিস্টিক সাপোর্টের মাধ্যমে অডিট আপত্তি দূত নিষ্পত্তির কার্যক্রম গ্রহণের ব্যাপারে আলোচনা হয়।	অডিট আপত্তি দূত নিষ্পত্তি করার ব্যাপারে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।
০৮	ই- নথি: জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আগস্ট/২০১৯ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী ই- ফাইলিংয়েএ বিভাগের অবস্থান প্রথম সারিতে কিভাবে নেয়া যায় সে বিষয়ে আলোচনা হয়।	ই- নথির ব্যবহার আরো বৃদ্ধির ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত

২৩/০৯/২০১৯

এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক (যুগ্ম সচিব),
হাইড্রোকার্বন ইউনিট,
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

